

বাংলাদেশ হাই কমিশন  
বন্দর সেরি বেগাওয়ান  
ব্রুনাই দারুসসালাম

নং-বিএইচসি/ব্র/শহিদ দিবস/২০২২- ৮৬৮

তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২২

সুধী,

ব্রুনাইস্থ বাংলাদেশ হাই কমিশন আগামী ২১ ফেব্রুয়ারি ২০২২ তারিখে “শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” স্মরণে যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে ব্রুনাই এর চলমান কোভিড-১৯ নিয়ম বিধি অনুসরণ করে নিম্নরূপ কর্মসূচি বাস্তবায়ন করতে যাচ্ছে:

কর্মসূচী নিম্নরূপঃ

- ০৮:২০ ঘটিকা : আমন্ত্রিত অতিথিদের হাইকমিশন প্রাঙ্গনে উপস্থিত ;  
০৮:৩০ ঘটিকা : হাইকমিশন প্রাঙ্গণে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ;  
০৮:৩৫ ঘটিকা : ভাষা শহিদদের স্মরণে ১ মিনিট নীরবতা পালন ;  
০৮:৪০ ঘটিকা : অস্থায়ীভাবে স্থাপিত শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ ;  
০৯:০০ ঘটিকা : অতিথিদের অভ্যর্থনা কক্ষে আসন গ্রহণ ;  
০৯:০৫ ঘটিকা : পবিত্র কোরআন হতে তেলাওয়াত ও তরজমা ;  
০৯:১০ ঘটিকা : “শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের প্রেরিত বাণী পাঠ ;  
০৯:৩০ ঘটিকা : মান্যবর হাইকমিশনারের বক্তব্য ;  
১০:০০ ঘটিকা : আপ্যায়ন ।

স্থান : অফিস প্রাঙ্গণ (বাংলাদেশ হাই কমিশন, লট নং-২৪৬৯, সিম্পাং- ১০২৮, কাম্পাং- তানাহ জাম্বু, জালান- মুয়ারা, বন্দর সেরি বেগাওয়ান, ব্রুনাই দারুসসালাম)

০২। “শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” উপলক্ষে বাংলাদেশ হাই কমিশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে Covid-19 সংক্রান্ত ব্রুনাই সরকারের SoP অনুযায়ী ১০০ জন অতিথি অংশগ্রহণ করতে পারবেন। অর্থাৎ অংশগ্রহণকারীদের যোগাযোগের জন্য +৬৭৩ ২৩৪২৪২০ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

১১.০২.২২  
(জিলাল হোসেন)  
দূতালয় প্রধান

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. কাউন্সেলর (রাজনৈতিক), বাংলাদেশ হাই কমিশন, ব্রুনাই দারুসসালাম।
২. মান্যবর হাইকমিশনার এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ হাই কমিশন, ব্রুনাই দারুসসালাম।
৩. সকল কর্মকর্তা/কর্মচারী, বাংলাদেশ হাই কমিশন, ব্রুনাই দারুসসালাম।
৪. ব্রুনাই দারুসসালাম-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী।
৫. নোটিশ বোর্ড।
৬. সংশ্লিষ্ট নথি।